

PG BEN-IV

স্নাতকোত্তর পাঠক্রম

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা — ২০০৬ পাট-১

বাংলা

চতুর্থ পত্র

সময় : চার ঘণ্টা

পূর্ণমান : ১০০

(মানের গুরুত্ব : ৮০%)

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে।

অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

- ১। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন : ১৮×২=৩৬
[যথাসম্ভব নিজের ভাষায় ৩০০ শব্দের মধ্যে উত্তর লিখতে হবে]
- (ক) ‘রাজসিংহ’ বাংলা সাহিত্যে প্রথম সার্থক ঐতিহাসিক উপন্যাস। — বিশদভাবে আলোচনা করে আপনার অভিমত লিখুন।
- (খ) ‘চতুরঙ্গ’ উপন্যাসে জ্যাঠামশাই চরিত্রের ভূমিকা ও উপযোগিতা বিশ্লেষণ করুন।
- (গ) ‘আরণ্যক’ উপন্যাসে বিভূতিভূষণের প্রকৃতি-চেতনার যে পরিচয় বিদ্যমান তার বিস্তারিত বিবরণ দিন।
- (ঘ) ‘নাগিনীকন্যার কাহিনী’ উপন্যাস অন্তর্গত দুই নাগিনীকন্যা শবলা ও পিঙ্গলার তুলনামূলক আলোচনা করুন।
- ২। যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর লিখুন : ১২×৩=৩৬
[২৫০ শব্দের মধ্যে উত্তর দিতে হবে]
- (ক) ‘পণ্ডিতমশাই’ উপন্যাসের পরিণতি মিলনাস্তক, কিন্তু সে মিলন ভীষণ করণ। — মন্তব্যটির যথার্থ্য বিচার করুন।
- (খ) ‘আবহনির্মাণই গোয়েন্দাগল্পের প্রাণ’। পঠিত গল্প অবলম্বনে এই উক্তির

P.T.O.

PG BEN-IV

(2)

সারবত্তা যাচাই করুন।

- (গ) ‘হালদারগোষ্ঠী’ গল্পের পারিবারিক পটভূমি বর্ণনা করুন ও তার ভূমিকা বিশ্লেষণ করুন।
- (ঘ) ‘রস’ গল্পে রূপতৃষণ ও জীবনসংগ্রাম — এই দুই-এর সংঘাত কীভাবে শিল্পরূপ লাভ করেছে দেখান।
- (ঙ) ‘চতুরঙ্গ’ উপন্যাসের ‘দামিনী’ চরিত্রটির অভিনবত্ব ব্যাখ্যা করুন।
- (চ) ছোটগল্পের সংজ্ঞা নির্ণয় করে পঠিত গল্পের যে-কোনো একটিকে অবলম্বন করে দেখান ছোটগল্পের লক্ষণগুলি তার মধ্যে কীভাবে পরিস্ফুট হয়ে উঠেছে।
- ৩। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দিন : ৭×৪=২৮
[১৫০ শব্দের মধ্যে উত্তর লিখতে হবে]
- (ক) ‘জাতুধান’ শব্দের অর্থ কী? সাজুয়াকে জাতুধান বলা হয়েছে কেন? সাজুয়ার পরিণতি কী?
- (খ) কোম্পানির শেয়ার কেনাবেচার জন্য কী ফন্দি আঁটা হয়েছে? কীভাবে শেয়ার বিক্রি হয়েছে? ধর্মব্যবসায়ীরা কীভাবে লাভবান হয়েছে — ‘শ্রীশ্রী সিদ্ধেশ্বরী লিমিটেড’ অনুসরণে তার পরিচয় দিন।
- (গ) বদন ডোমের ভেতরে লুকিয়ে থাকা মানুষটির পরিচয় দিন।
- (ঘ) গল্পনাম ‘চতুর্থ পাণিপথের যুদ্ধ’ কোন্ দিক থেকে সার্থক লিখুন।
- (ঙ) ‘অরুণের রাস’ গল্পে উপস্থাপিত সংকেতময়তার দুটি দৃষ্টান্ত উল্লেখ করে তা ব্যাখ্যা করুন।
- (চ) মধ্যবিত্ত জীবন স্টোভ গল্পের অবলম্বন। সেই জীবনের কোন দিকটার পরিচয় বিশেষভাবে ধরা পড়েছে ‘স্টোভ’ গল্পে?
- (ছ) “আরে না মরলে আমাদের কাছে কেউ আসে না।” — উক্তিটি কার? সমাজের একটি শ্রেণিকে এই বাক্যে কীভাবে চিহ্নিত করা যায়?
- (জ) ‘সংকেত’ গল্পের বাচ্চা মৌলবী চরিত্রটির পরিচয় দিন। গল্পে তার ভূমিকা বিশ্লেষণ করুন।